

যুগান্তর

প্রতিবন্ধী ব্যক্তিদের চাকরি মেলা উদ্বোধন

সাইফ আহমাদ ২৫ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



তথ্যপ্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পঞ্চমবারের মতো আয়োজন করছে বিশেষভাবে সক্ষম বা প্রতিবন্ধীদের জন্য চাকরির মেলা।

রাজধানীর আগারগাঁওয়ে আইসিটি অডিটোরিয়ামে প্রতিবন্ধী ব্যক্তিদের চাকরি মেলা-২০১৯ এর উদ্বোধন করেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার।

উদ্বোধনী অনুষ্ঠানে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার বলেন, আমাদের সবার মধ্যে কিছু না কিছু দুর্বলতা রয়েছে। সে বিবেচনায় আমরা সবাই কমবেশি প্রতিবন্ধী। আসলে প্রতিবন্ধী বলে সমাজে আলাদা কোনো মানুষ নেই।

প্রযুক্তির বহুবিধ ব্যবহারের মাধ্যমে সমাজে প্রতিবন্ধী হিসেবে পরিচিতদের কর্মমুখী করে আমাদের মধ্যকার এসব দুর্বলতা ও বৈষম্য কমিয়ে আনা সম্ভব। প্রযুক্তির কল্যাণে এখন আমাদের আর প্রতিবন্ধীদের মধ্যে কোনো পার্থক্য নেই। সুতরাং তাদের সব সুবিধা নিশ্চিত করে কাজ করবে আমাদের মন্ত্রণালয়।

বিসিসির ‘তথ্যপ্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভেলপমেন্ট ডিজঅর্ডারসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন’ শীর্ষক প্রকল্পের মাধ্যমে দক্ষ কর্মী গড়ে তোলার কাজের অংশ হিসেবে প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ প্রাপ্তরা এ মেলায় চাকরির সুযোগ পান। প্রকল্পটির অধীনে প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থান তৈরি এবং তাদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ করে তোলার জন্য মাসিক ১২ হাজার টাকা ভাতা দিয়ে প্রশিক্ষণ দেয়ার কার্যক্রম চলছে। এর মাধ্যমে প্রশিক্ষণ নেয়া ব্যক্তির এ মেলা থেকে তথ্যপ্রযুক্তিসহ বিভিন্ন খাতে চাকরি পেয়ে থাকেন।

মেলায় অংশ নেয়া বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিরা প্রতিবন্ধী ব্যক্তিদের কাছ থেকে বায়োডাটা সংগ্রহ করেন এবং স্পট ভাইভার মাধ্যমে চাকরির নিয়োগপত্র দিয়ে থাকেন।

এবারের চাকরি মেলায় দেশীয় বেশ কয়েকটি প্রতিষ্ঠান অংশ নিচ্ছে। যারা তাদের প্রতিনিধির মাধ্যমে প্রার্থী বাছাই করে নেবে। যেখানে কেউ সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে চাকরি পাবেন, আবার কেউবা প্রাথমিকভাবে নির্বাচিত হবেন। পরে কিছু প্রক্রিয়া শেষে চাকরি পাবেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, দেশের প্রতিবন্ধী জনগোষ্ঠীকে প্রযুক্তির আওতায় আনা হবে। ইতিমধ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মসংস্থান হওয়া প্রতিবন্ধীরা সাধারণ, সুস্থ সবল মানুষের চেয়ে কোনো কোনো ক্ষেত্রে বেশি কর্যকরী ভূমিকা রাখছে। চার বছরে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আয়োজিত চাকরি মেলা থেকে মোট ৩৩৮ জনের কর্মসংস্থান হয়েছে।

এর মধ্যে ২০১৫ সালে ৩২, ২০১৬ সালে ৬০, ২০১৭ সালে ১১৫ এবং ২০১৮ সালে ১৭৬ জনকে আইসিটিতে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়। অনুষ্ঠানে অন্যদের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব জিয়াউল আলম, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক পার্থ প্রতিম দেব প্রমুখ উপস্থিত ছিলেন।